# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

**M.A./M.SC. FIRST SEMESTER EXAMINATION, JANUARY 2013**

**FIRST YEAR**

**BENGALI**

Date : 14/01/2013

Time : 11 am – 3 pm

Paper : II

Full Marks : 100

প্রতিটি বিভাগের জন্য আলাদা উত্তরপত্র ব্যবহার করবে

## বিভাগ ক

১। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। ৯X১=৯

ক) চৈতন্যচরিতামৃতে ব্যাখ্যাত রাধাতত্ত্ব সবিস্তারে আলোচনা করো।

খ) বাংলা সাহিত্যের ইতিহাসে চৈতন্যচরিতামৃত একাধারে দর্শন ও কাব্য। তোমার পড়া অংশগুলির ভিত্তিতে একটি সাধারণ আলোচনা পরিবেশন করো।

২। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। ৯X১=৯

ক) মঙ্গলকাব্যের সূচনাতে দেববন্দনার কারণ ব্যাখ্যা কর। সেই সঙ্গে আলোচনা কর যে কেন অন্নদামঙ্গলের কবি শুরুতে গণেশ অন্নপূর্ণা সহ বিশিষ্ট দেবতাদের বন্দনা করলেন?

খ) সতীর দক্ষালয় গমন, শিবনিন্দায় সতীর দেহত্যাগ এবং শিবের দক্ষালয় যাত্রা ও দক্ষযজ্ঞনাশ – এই তিনটি অংশের মধ্য দিয়ে দেখাও ভারতচন্দ্রের লেখার সীমাবদ্ধতা কোথায় এবং কেন তার এই সীমাবদ্ধতা ? এর মধ্যে কোথাও কি তুমি সেকালের সমাজের ছবি দেখতে পাচ্ছো ?

৩। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। ১২X১=১২

ক) গীতিকার উদ্ভবের ইতিহাস লিখে গীতিকার বৈশিষ্ট্যগুলি দেখাও।

খ) ময়মনসিংহ গীতিকায় পত্র ব্যবহারের তাৎপর্য লেখো।

৪। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। ১১X১=১১

ক) সমাজ ও সংস্কৃতির বিবর্তন মর্গ্যান কীভাবে ব্যাখ্যা করেছিলেন তা আলোচনা করো।

খ) বাংলার সংস্কৃতিতে শ্রীরামকৃষ্ণদেবের জীবন ও প্রভাব সম্পর্কে আলোচনা করো।

## বিভাগ খ

৫। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। ১০X১=১০

ক) শুধু কবি নয়, নাট্যকার রূপেও যে মধুসূদন বাংলা উনিশ শতকের সাহিত্যের ইতিহাসে এক স্মরণীয় ব্যক্তিত্ব, তা তাঁর নাটকগুলির আলোচনায় পরিস্ফুট করো।

খ) একজন সন্ন্যাসী হওয়া সত্ত্বেও বাংলা গদ্যসাহিত্যে আজো কেন বিবেকানন্দকে মনে রাখা হয় ? কারণগুলি আলোচনা করো।

৬। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। ৯X১=৯

ক) 'রাজসিংহ' উপন্যাসে একটি মূল কাহিনি আছে ; তার পাশাপাশি বয়ে চলেছে আর একটি উপকাহিনির ধারা। উভয়ের সম্পর্কটা কোথায় তা দেখাও।

খ) 'রাজসিংহ' উপন্যাসের নামচরিত্র রূপে রাজসিংহ চরিত্রটি আলোচনা করো।

৭। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। ৯X১=৯

ক) মধুসূদনের 'মেঘনাদবধ কাব্য' আসলে ঊনবিংশ শতাব্দীর বাঙালীর নিজস্ব মহাকাব্য – মন্তব্যটি সম্পর্কে আলোচনা করো।

খ) 'মেঘনাদবধ কাব্য'-এ সীতা ও প্রমীলা চরিত্র দুটি উনিশ শতকের নবজাগরণ পর্বে নারী সম্পর্কে ধারণার পূর্ণ রূপটিকে কীভাবে প্রকাশ করেছে, তা লেখো।

৮। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। ৯X১=৯

ক) 'নীলদর্পণ' নাটকে সাধারণ মানুষ কিভাবে উপস্থাপিত হয়েছে তা দেখাও।

খ) 'নীলদর্পণ' নাটককে কি তুমি ট্র্যাজেডি নাটক বলবে? নাটক অবলম্বনে বিষয়টি আলোচনা করো।

স্নাতকোত্তর বাংলা

দ্বিতীয় পত্র

ছাত্রের পরীক্ষার অ্যাডমিট কার্ডের রোল নম্বর ঃ .........................................

ছাত্রের রেজিস্ট্রেশন নম্বর ঃ ........................................................

*প্রথম ৩০ মিনিটের মধ্যে এই পত্রাংশের উত্তর করে কাগজটি জমা দিয়ে দিতে হবে।*

৯। নীচের প্রশ্নগুলির **কেবল সঠিক উত্তরটিতে পেন দিয়ে একটি টিক চিহ্ন** দেবে। আলাদা করে খাতায় লেখার দরকার নেই।

প্রতিটি সঠিক উত্তরের জন্যে **১ নম্বর** পাবে। সর্বমোট **২২** নম্বর।

ক) অ। কৃষ্ণদাস কবিরাজকে যিনি 'কবিভূপতি' উপাধি দান করেন ঃ ১) রূপ গোস্বামী, ২) সনাতন গোস্বামী, ৩) জীব গোস্বামী, ৪) রঘুনাথ দাস।

আ। সার্বভৌমকে যিনি চৈতন্যের পরিচয় দিয়েছিলেন ঃ ১) নিত্যানন্দ, ২) গোপীনাথ, ৩) মুকুন্দ, ৪) রামানন্দ।

ই। সনাতন গোস্বামীর ভৃত্যের নাম ঃ ১) কানাই, ২) বিষাণ, ৩) ঈশান, ৪) শ্রীকান্ত।

খ) অ। ভারতচন্দ্রের কৌলিক পদবী ঃ ১) মুখোপাধ্যায়, ২) রায়, ৩) চৌধুরী, ৪) চক্রবর্তী।

আ। ভারতচন্দ্র যে গ্রামে জন্ম নিয়েছিলেন ঃ ১) পেঁড়ো, ২) কুলীন, ৩) কোন্নগর, ৪) কাঁদড়া।

ই। ভবানন্দ মজুমদার যে গ্রামে জন্ম নেন ঃ ১) আন্দুলিয়া, ২) বড়গাছি, ৩) সাতগাছি, ৪) বেলগাছি।

গ) অ। ফোকলোর শব্দটি প্রবর্তন করেন ঃ ১) জনসন, ২) জন্থম্‌স্‌, ৩) থম্পসন, ৪) জোন্‌স্‌।

আ। ট্যাবু কথার অর্থ হল ঃ ১) নিষেধ, ২) বাঁধা, ৩) প্রতিবন্ধক, ৪) সবগুলি।

ই। টোটেম হল ঃ ১) রহস্যময় বস্তু, ২) রহস্যময় পাখি, ৩) রহস্যময় জায়গা, ৪) রহস্যময় মানুষ।

ঘ) অ। বিহারীলালের 'সারদামঙ্গল' কাব্যটি প্রথম প্রকাশিত হয় ঃ ১) পূর্ণিমা, ২) অবোধবন্ধু, ৩) আর্যদর্শন, ৪) মালঞ্চ।

আ। 'কৃষ্ণকান্তের উইল' প্রথম ধারাবাহিকভাবে প্রকাশিত হয় ঃ ১) বঙ্গদর্শনে, ২) হিতবাদীতে, ৩) নবপর্যায় বঙ্গদর্শনে, ৪) ভারতীতে।

ই। বিদ্যাসাগরের মতে কলিযুগের ধর্মগ্রন্থ হল ঃ ১) পরাশরসংহিতা, ২) মনুসংহিতা, ৩) ন্যায়দর্শন, ৪) সাংখ্যদর্শন।

ঈ। 'সংবাদ প্রভাকর' প্রথম প্রকাশিত হয় ঃ ১) ১৮১৮, ২) ১৮২১, ৩) ১৮২২, ৪) ১৮৩১।

ঙ) অ। 'রাজসিংহ' উপন্যাসের খণ্ডসংখ্যা হল ঃ ১) ২, ২) ৪, ৩) ৬, ৪) ৮।

আ। 'রাজসিংহ' উপন্যাসের সপ্তম খণ্ডের শিরোনাম ঃ ১) অগ্নি প্রজ্বলন, ২) অগ্নি উৎক্ষেপণ, ৩) অগ্নি জ্বলিল, ৪) অগ্নির আয়োজন।

ই। 'রাজসিংহ' উপন্যাসের মোট পরিচ্ছেদসংখ্যা ঃ ১) ৬১, ২) ৬২, ৩) ৬৩, ৪) ৬৪।

চ) অ। মেঘনাদবধ কাব্যে রাবণ যাঁর উপাসক ছিলেন ঃ ১) ব্রহ্মা, ২) বিষ্ণু, ৩) মহেশ্বর, ৪) মহামায়া।

আ। মেঘনাদবধকাব্যে যে সর্গে মেঘনাদের মৃত্যু বর্ণিত আছে ঃ ১) দ্বিতীয়, ২) চতুর্থ, ৩) ষষ্ঠ, ৪) সপ্তম।

ই। মেঘনাদবধকাব্যের প্রথম সর্গের নাম ঃ ১) অভিষেক, ২) বধ, ৩) সমাগম, ৪) অশোকবন।

ছ) অ। 'নীলদর্পণ'-এর প্রথম ইংরাজী অনুবাদ প্রকাশিত হয় ঃ ১) ১৮৬০, ২) ১৮৬১, ৩) ১৮৬২, ৪) ১৮৬৩।

আ। 'নীলদর্পণ' নাতকের প্রথম প্রকাশকাল ঃ ১) ১৮৫৯, ২) ১৮৬০, ৩) ১৮৫৮, ৪) ১৮৬১।

ই। 'নীলদর্পণ' নাটকটি যিনি মুদ্রণ করেন ঃ ১) রামকৃষ্ণ রায়, ২) রাজকৃষ্ণ ভট্টাচার্য, ৩) তিনকড়ি মিত্র, ৪) রামচন্দ্র ভৌমিক।